

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ১৪১৯

১৬/ রক্তপণ (كتاب الديات عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ স্বামীর দিয়াতে স্ত্রীও ওয়ারিছ হবে।

باب مَا جَاءَ فِي الْمَرْأَةِ هَلْ تَرِثُ مِنْ دِيَةِ زَوْجِهَا

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، وَأَحْمَدُ بْنُ مَنِيعٍ، وَأَبُو عَمَّارٍ وَغَيْرُ وَاحِدٍ قَالُوا حَدَّثَنَا سُفْيَانُ بْنُ عُيَيْنَةَ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ، أَنَّ عُمَرَ، كَانَ يَقُولُ الدِّيَةُ عَلَى الْعَاقِلَةِ وَلَا تَرِثُ الْمَرْأَةُ مِنْ دِيَةِ زَوْجِهَا شَيْئًا . حَتَّى أَخْبَرَهُ الضَّحَّاكُ بْنُ سُفْيَانَ الْكِلَابِيُّ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَتَبَ إِلَيْهِ " أَنْ وَرِثَ امْرَأَةٌ أَشِيمَ الضَّبَابِيِّ مِنْ دِيَةِ زَوْجِهَا " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَهْلِ الْعِلْمِ .

বাংলা

১৪১৯. কুতায়বা, আহমাদ ইবনু মানী, আবু আমমার প্রমুখ (রহঃ) সাঈদ ইবনু মুসায়্যাব (রহঃ) থেকে বর্ণিত যে, উমার রাদিয়াল্লাহু আনহু এর অভিমত ছিল, দিয়াত হত্যাকারীর পিতৃপক্ষীয় আত্মীয়দের উপর। আর স্বামীর দিয়াতের মধ্যে স্ত্রী কিছুই ওয়ারিছ হবে না। যতক্ষণ না তাকে যাহহাক ইবনু সুফইয়ান কিলাবী রাদিয়াল্লাহু আনহু অবহিত করেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে লিখিত নির্দেশ দিয়েছিলেন যে, তুমি আশইয়াম যুবাবী-এর স্ত্রীকে তার স্বামীর দিয়াতের ওয়ারিছ বানাবে। (এরপর তিনি তার পূর্ব মত পরিহার করেন।) - ইবনু মাজাহ ২৬৪২, তিরমিজী হাদিস নম্বরঃ ১৪১৫ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবু ইসা (রহঃ) বলেন, এই হাদীসটি হাসান-সহীহ। এতদনুসারে আলিমগণের আমল রয়েছে।

English

Narrated Sa'eed bin Al-Musayyab:

that 'Umar would say: "The blood-money upon the tribe, and the wife does not inherit any of her husband's blood-money." Until Ad-Dahhak bin Sufyan Al-Kulabi informed him that the Messenger of Allah (ﷺ) wrote to me, that Ashaim Ad-Dibabi's wife inherited the blood-money of her husband.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ সাঈদ ইবনু মুসাইয়্যাব (রহ.)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=21837>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন